

২০২১

## বাংলা — সাম্মানিক

তৃতীয় পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

(উত্তরের শব্দসংখ্যা পাঠক্রম অনুসারে মান্য করতে হবে।)

- ১। (ক) রাজনৈতিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করো। যে-কোনো একটি বাংলা রাজনৈতিক উপন্যাস অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ২+৪+৮
- অথবা,
- (খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো। ৭+৭
- (অ) মনস্তাত্ত্বিক উপন্যাস  
(আ) ঐতিহাসিক উপন্যাস  
(ই) ছোটগল্প  
(ঈ) আঞ্চলিক উপন্যাস।
- ২। (ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসে শৈবলিনীর মতো একটি সজীব নারীচরিত্র রূপায়ণে বঙ্কিমচন্দ্রের দক্ষতার পরিচয় দাও। ১৪
- অথবা,
- (খ) ‘চন্দ্রশেখর’ উপন্যাসে ‘উপক্রমণিকা’ অংশটির প্রয়োজন ছিল কি? মূল উপন্যাসের রসসৃষ্টিতে ‘উপক্রমণিকা’-র গুরুত্ব বিচার করো। ১৪
- ৩। (ক) “যাহাই মনে করুন, ঈশ্বর আমার বিচারকর্তা— আমি অন্য বিচার মানি না। না হয় মরিব ক্ষতি কি?”— বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই উক্তি করেন? কোন ঘটনার পরিপ্রেক্ষিতে বক্তা মৃত্যুর কথা ভেবেছেন? ১+১+২
- অথবা,
- (খ) “যদি জানেন, যে ইংরাজের বিরোধী হইবে, সেই হারিবে, তবে কেন তাহাদিগের সঙ্গে বিবাদ করিতে প্রস্তুত হইয়াছেন?”— কে, কার উদ্দেশ্যে এই উক্তিটি করেছিলেন? শ্রোতার উত্তরটির তাৎপর্য কী? ১+১+২
- ৪। (ক) ‘শ্রীকান্ত’ (প্রথম পর্ব) উপন্যাসের শ্রেণিবিচার করো। ১৪
- অথবা,
- (খ) “শ্রীকান্ত দার্শনিক নয়, দর্শকমাত্র”— আলোচনা করো। ১৪

Please Turn Over

- ৫। (ক) “মরতে একদিন ত হবেই ভাই” — কার উক্তি? এই উক্তিতে বক্তা চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে, দেখাও। ১+৩

অথবা,

- (খ) “কোন মিথ্যাবাদী প্রচার করিয়াছে— আলোরই রূপ, আঁধারের রূপ নাই?” — তাৎপর্য বিশ্লেষণ করো। ৪
- ৬। (ক) “তাকে মেয়ে করে গড়বার সময় বিধাতা তার মধ্যে পুরুষের একটা ভাগ মিশিয়ে দিয়েছেন” — লাভণ্য চরিত্র নির্মাণে এই ভাবনার প্রয়োগ কীভাবে কতটা ঘটেছে, তা ব্যাখ্যা করো। ১৫

অথবা,

- (খ) ‘শেষের কবিতা’ উপন্যাসে যোগমায়া চরিত্রের গুরুত্ব বিচার করো। ১৫

- ৭। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) “আমার অপরাধী গাড়টাকে যদি ক্ষমা করেন, তবে আপনি যেখানে অনুমতি করবেন সেইখানেই পৌঁছিয়ে দিতে পারি।” — উক্তিটি কে, কার প্রতি করেছে? কোন প্রসঙ্গে এই উক্তি? ১+১+৩
- (খ) “সমস্ত শিলঙ পাহাড়ের শ্রী আজ চলে গেছে” — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫
- (গ) “ঠিক নামটি হয়েছে, মিতালি।” — বক্তা কে? নামকরণটি কে, কার জন্য করলেন? ১+১+৩
- (ঘ) “এনামেল করা মুখের উপর দিয়ে দর্ দর্ করে চোখের জল গড়িয়ে পড়তে লাগল।” — মুখটি কার? তাৎপর্য লেখো। ১+৪

- ৮। (ক) আঞ্চলিক উপন্যাস হিসেবে ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাসের সার্থকতা বিচার করো। ১৫

অথবা,

- (খ) ‘হাঁসুলীবাঁকের উপকথা’-র কথক সুচাঁদ। — উপন্যাস অবলম্বনে সুচাঁদ চরিত্রটি আলোচনা করো। ১৫

- ৯। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) “কলির শেষ, আমাদেরও শেষ” — বক্তা কে? সে কাকে কী প্রসঙ্গে একথা বলেছে? কেন বলেছে? ১+২+২
- (খ) “আবার বেজে উঠল শিস! ওই!” — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫
- (গ) “সঙ্গে সঙ্গে গাছের অন্ধকার তলাটা যেন গর্জন করে উঠল। মনে হল বাঘের মত কোন ভয়ানক জানোয়ার চীৎকার করে অন্ধকার থেকে বেরিয়ে আসছে। সে চীৎকারে করালী ও পাখি ভয়ে চমকে উঠল।” — কার চীৎকারে ভয় পেয়েছিল করালী আর পাখি? তারপর কী ঘটেছিল? ১+৪
- (ঘ) “কত্তা খাবে তো খাও, না খাবে তো খেয়ো না, যা মন চায় তাই কর। আমাদের হাঁস খাওয়া নিয়ে কথা, আমাদের বলিদান হয়ে গেল।” — কার উক্তি? কত্তা কে? বক্তার চরিত্রের দুটি লক্ষণ স্পষ্ট করো। ১+১+৩